56

দৈনিক জনকণ্ঠ

তারিখ ··· 10 AUG 1995 ··
পৃষ্ঠা · ৮ কলাম ·· ৩ ···

# চট্টগ্রাম কলেজিয়েট স্কুল এবারও শীর্ষে

**স্টাফ রিপোর্টার, চট্টগ্রাম অফিস ॥** কুমিল্লা বোর্ডের চলতি বছরের এসএসসি পরীক্ষায় চট্টগ্রাম কলেজিয়েট স্কুল এবারও শীর্ষে অবস্থান করছে। মেধা তালিকায় স্থান দখল করে নিয়েছে এ স্কুলের ৬ ছাত্র। তন্মধ্যে সাধারণ বিজ্ঞানে ৫ ও সমাজবিজ্ঞানে রয়েছে ১ জন। সাধারণ

*(শেষ পৃষ্ঠা ১ কঃ দেখুন)*

## চট্টগ্রাম কলেজিয়েট *(প্রথম পাতার পর)*

বিজ্ঞানে ২০ জনের মধ্যে এরা পেয়েছে দ্বিতীয়, পঞ্চম, সপ্তম, দশম ও ষোলতম এবং সমাজ বিজ্ঞানে বিশতম স্থান।

উল্লেখ্য, '৯৪ সালের এসএসসি পরীক্ষায় এ স্কুলের ১২ জন মেধা তালিকায় স্থান পায়। চলতি বছর এ স্কুলের ৩১৬ পরীক্ষার্থীর ৩১৪ জন প্রথম বিভাগ ও ২ জন দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ হয়। তন্মধ্যে ২১৪ জন স্টার পেয়েছে। '৯৪ সালে ২৭৩ জন পরীক্ষার্থীর মধ্যে ২৭২ জনই উত্তীর্ণ হয় প্রথম বিভাগে। স্টার মার্ক পায় ২২০ জন।